# আজ থেকে ভোটকেন্দ্র ঘিরে মাঠে আইনশৃঙ্খলা বাহিনী




ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠু রাখতে আজ থেকেই সেনাবাহিনীসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা মাঠে দায়িত্ব শুরু করছেন।

রোববার (৮ ফেব্রুয়ারি) থেকে আনসার মোতায়েন হচ্ছে। ইতোমধ্যে ১,০৫১ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট কাজ শুরু করেছেন। ১১ ফেব্রুয়ারি সকালে মোতায়েন থাকবে ১ লাখ ৫৭ হাজার পুলিশ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিপত্রে জানানো হয়েছে, পুলিশ, বিজিবি, আনসার-ভিডিপি, কোস্টগার্ড ও সশস্ত্র বাহিনী সমন্বয়ে দায়িত্ব পালন করবে। সশস্ত্র বাহিনী 'ইন এইড টু সিভিল পাওয়ার'-এর আওতায় থাকবে।

মোট প্রায় ৯ লাখ সদস্য দায়িত্বে থাকবেন। এর মধ্যে আনসার-ভিডিপি সাড়ে পাঁচ লাখ, পুলিশ দেড় লাখের মতো, সশস্ত্র বাহিনী এক লাখ এবং বিজিবি প্রায় ৩৫ হাজার।

মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে কাজ করবে সশস্ত্র বাহিনী, বিজিবি, র‍্যাব, পুলিশ, এপিবিএন ও আনসার ব্যাটালিয়ন। উপকূলে থাকবে কোস্টগার্ড। সব বাহিনী রিটার্নিং কর্মকর্তার নির্দেশনায় দায়িত্ব পালন করবে।

সাধারণ কেন্দ্রে ১৬–১৭ জন, ঝুঁকিপূর্ণ কেন্দ্রে ১৭–১৮ জন পুলিশ ও আনসার সদস্য থাকবে। দুর্গম ২৫ জেলায় নির্দিষ্ট কেন্দ্রেও একই ব্যবস্থা থাকবে, দায়িত্ব শুরু হবে ভোটের দুই দিন আগে থেকে।